গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
www.bkkb.gov.bd

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ২২ ডিসেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : ড. নাহিদ রশীদ, মহাপরিচালক (সরকারের সচিব) |
| সভার তারিখ | : ২২ ডিসেম্বর, ২০২১ |
| সভার সময় | : সকাল ১১.০০ টা। |
| স্থান | : বোর্ডের সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| উপস্থিতি | : সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -"ক" তে দেখানো হলো। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভায় বোর্ডের কার্যক্রম উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দাপ্তরিক কর্মকান্ড ও সেবা প্রদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবাসমূহ এবং সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে বিশদভাবে সভায় অবহিত করেন। বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সভায় উপস্থিত সকলে নিম্নোক্ত আলোচনা/মতামত ব্যক্ত করেন।

২.০ জনাব মোঃ শামিউল ইসলাম, সার্ভেয়ার, বিভাগীয় কমিশনার অফিস, ঢাকা আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, মাসিক কল্যাণ ভাতা কর্মচারীর বয়স ৬৯ অথবা ১৫ বছর যা আগে আসে সে ভিত্তিতে প্রদান করা হচ্ছে। অক্ষম কর্মচারীর ক্ষেত্রে আজীবন কল্যাণভাতা প্রদান করার প্রস্তাব করেন। এছাড়া বোর্ডের কল্যাণমূলক কার্যক্রমের ক্ষেত্রে মৃত্যুর সনদ জনপ্রতিনিধির মাধ্যমে অনলাইন মৃত্যুসনদ গ্রহণ করা যেতে পারে এবং জটিল ও ব্যয়বহুল রোগের আবেদনে মূল কাগজ গ্রহণ করে অনুদান মঞ্জুরীর পর মঞ্জুরকৃত সিল দিয়ে উপকারভোগীকে মূল কাগজপত্র ফেরত প্রদানের ব্যবস্থা রাখার বিষয়ে মতামত প্রকাশ করেন।

৩.০ জনাব মো: জয়নাল আবেদিন, সহকারী সচিব (অবঃ), মন্ত্রিপরিষদ বিভাগ জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা প্রদানে গৃহীত পদক্ষেপসমূহ প্রশংসার দাবী রাখে। তিনি সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন অনলাইনে করার সুপারিশ করেন।

৪.০ জনাব শায়েব ইকবাল, প্রোগ্রামার, সিজিএ অফিস, সেগুনবাগিচা, ঢাকা জানান যে, কল্যাণ বোর্ডের সাধারণ ও জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সংক্রান্ত আবেদনের অবস্থান জানার জন্য ট্যাকিং সিস্টেম চালু করা যেতে পারে। এতে উপকারভোগীগণ ঘরে বসেই তার আবেদনের অবস্থান জানতে পারবেন।

৫.০ জনাব ফৌজিয়া তাসমিন, ব্যক্তিগত কর্মকর্তা, বিমান ও পর্যটন মন্ত্রণালয় জানান যে, বর্তমানে চিকিৎসা জনিত কাগজপত্রের মূল কপি জমা দিতে হয়। এতে পরবর্তী চিকিৎসার ক্ষেত্রে কিছুটা সমস্যার সৃষ্টি হচ্ছে। যদি চিকিৎসা সাহায্যের মূল কপি না দিতে স্ক্যান কপি/ ফটোকপি দেয়ার ব্যবস্থা করা যায় তাহলে উপকারভোগীর উপকৃত হতো।

৬.০ জনাব রাহিমা বেগম, ডাটা এন্ট্রি সহকারী, বিটিসিএল জানান যে, কর্মচারীর কল্যাণ নিশ্চিতে বিদ্যমান কল্যাণ ভাতা মেয়াদ ৬৯ বছর পর্যন্ত প্রদান করা হচ্ছে। কল্যাণভাতার প্রাপক স্ত্রী/স্বামী আজীবন যেন পায় সে বিষয়ে ব্যবস্থা রাখার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

৭.০ জনাব মোহাম্মদ আক্তার হোসেন, গোপনীয় সহকারী, বিভাগীয় কমিশনার অফিস, ঢাকা জানান যে, স্টাফবাসের টিকেট ১টি নির্দিষ্ট গাড়ির জন্য দেয়া হয়ে থাকে। যদি কোন কারণে ঐ গাড়ি নস্ট বা কর্মচারী মিস করে তা হলে তিনি ঐ রুটের অন্য কোন স্টাফবাসে অফিসে আসা বা যাওয়া সম্ভব হচ্ছে না। কারণ অন্য কোন স্টাফবাস তাকে গাড়িতে উঠতে দেয় না। তাই তিনি স্টাফবাসের টিকেট প্রদর্শন সাপেক্ষে যে ঐ রুটের যে কোন গাড়িতে যেন উঠতে পারে সে ব্যবস্থা রাখার সুপারিশ করেন।

৮.০ জনাব মোঃ রফিকুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ জানান যে, শিক্ষাবৃত্তি ১১-২০ গ্রেডের কর্মচারীদের সন্তানদের প্রদান করা হচ্ছে। শিক্ষাবৃত্তি ১০ম গ্রেডের কর্মচারীর সন্তানদের প্রদানের ব্যবস্থা রাখার সুপারিশ করেন। এছাড়া শিক্ষাবৃত্তি ৬ষ্ঠ শ্রেণি থেকে শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে। এ অনুদান ১ম শ্রেণি হতে প্রদানের ব্যবস্থা রাখা যেতে পারে মর্মে সুপারিশ করেন।

৯.০ পরিচালক (প্রশাসন) সভায় সেবাগ্রহীতাদের বিভিন্ন মতামতের প্রেক্ষিতে সাধারণ চিকিৎসা এবং জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনলাইন আবেদনের ক্ষেত্রে চিকিৎসা সংক্রান্ত মূল কাগজপত্র বোর্ডের কমিটির নিকট উপস্থাপন করার বিষয়ে

গুরুত্বারোপ করেন। চিকিৎসা সেবা খাতে রোগ বিবেচনায় আর্থিক সংশ্লিষ্টতা রয়েছে বিধায় মূল কাগজপত্র জমা দেয়ার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে জানান। স্টাফবাসের টিকেট প্রদর্শন পূর্বক ঐ রুটের যে কোন গাড়িতে যেন উঠতে পারে সে বিষয়ে দ্রুত কর্মরিকল্পনা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করেন। পরিচালক (প্রশাসন) আরও জানান যে, সাধারণ চিকিৎসার অনুদান পূর্বে ৬৭ বছর পর্যন্ত প্রদান করা হতো। ১৫ জুন, ২০২১ তারিখ থেকে সাধারণ চিকিৎসা অনুদান কর্মচারী আজীবন এবং পরিবারের সদস্য ৭৫ বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

১০.০ পরিশেষে সভাপতি সমাপনী বক্তব্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:-

(ক) জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সাহায্যে ক্ষেত্রে আর্থিক অনুদান পাওয়ার পর বিশেষ বিবেচনায় মূলকাগজপত্র মঞ্জুরকৃত সীল প্রদানের পর সেবা গৃহীতাদের আবেদনের পরিপ্রেক্ষিতে ফেরত প্রদান করা যেতে পারে;

(খ) সেবা প্রাপ্তির ক্ষেত্রে জনপ্রতিনিধি কর্তৃক অনলাইন মৃত্যু সনদ কপি দাখিল করা যেতে পারে;

(গ) স্টাফবাস সার্ভিস সেবা গ্রহণকারী ব্যক্তি টিকেট প্রদর্শনের মাধ্যমে সংশ্লিষ্ট রুটের যে কোন গাড়িতে চলাচল করতে পারে এ বিষয়ে দ্রুত কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

১১.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকা য় সভাপতি উপস্থিত সকলকে স্বতঃপূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
০৬/০১/২০২২
(ড. নাহিদ রশীদ )
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

নথি নং ০৫.৮১.০০০০.০০৭.১৬.০১১.২২ – ১৫ তারিখ:০৬/০১/২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

০১। যুগ্ম সচিব, শৃঙ্খলা-১ ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, শৃঙ্খলা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০২। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। উপসচিব, সচিবালয় শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪। উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (উন্নয়ন)/উপপরিচালক (অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সহকারী পরিচালক, প্রশাসন/কর্মসূচি/চিকিৎসা/কল্যাণ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা, (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা (কল্যাণ তহবিল)/(বোর্ড তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
১০। অফিস কপি/ওয়েবসাইট

০৬/০১/22
(এ কে এম ফজলুজ্জোহা)
পরিচালক (প্রশাসন)